এগ্রোটেকনোলজি ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

স্মারক নং-খুবি/এগ্রোটেক/৭৫-২০০১/১ তারিখ: ৩০-০৬-২০২৬ খ্রি.

**বিজ্ঞপ্তি**

এগ্রোটেকনোলজি ডিসিপ্লিনের সম্মানিত সকল শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেশনাল ফিল্ড ওয়ার্ক ট্যুরে যাওয়ার ক্ষেত্রে Assessment criteria, Assessment rubrics অনুযায়ী রিপোর্ট তৈরী করে ডিন অফিসে জমা দিতে হবে। ট্যুর প্লান প্রনয়নের সময় নিম্নবর্নিত টেমপ্লেট ব্যবহার করতে হবে।

| S.N | Course No | Course Title | Course Contents and Tasks on the Basis of Curriculum | Assessment rubrics | |
|---|---|---|---|---|---|
| | | | | Assessment criteria | Score (100) |
| | | | | | |

উল্লেখ্য যে, স্কুলের ডিনের সভাপতিত্বে ডিসিপ্লিন প্রধানবৃন্দের সভার সিদ্ধান্তসমূহ (সিদ্ধান্ত-১, ২ এবং ৩) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। সে অনুযায়ী সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

৩০.০৬.২৬

(প্রফেসর ড. মোঃ ইয়াছিন আলী)
প্রধান (রুটিন দায়িত্ব)
এগ্রোটেকনোলজি ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

CamScanner

জীব বিজ্ঞান স্কুল
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

স্মারক নং- খুবি/ডিন-জীবি স্কুল/একাঃকার্যঃসভা-২০২১/২১ তারিখ ঃ ১৪/০৬/২০২৬ খ্রি.

## গত ০৮/০৬/২০২৬ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

গত ০৮/০৬/২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৩:০০ টায় জীব বিজ্ঞান স্কুলের একাডেমিক কার্যক্রম সংক্রান্ত এক সভা প্রফেসর ড. মোঃ গোলাম হোসেন, ডিন, জীব বিজ্ঞান স্কুল -এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সম্মানিত ডিসিপ্লিন প্রধানবৃন্দ উপস্থিত ছিলেন ঃ

| | |
|---|---|
| ০১। | প্রফেসর ড. মোঃ মুজিবর রহমান, প্রধান, ইএস ডিসিপ্লিন |
| ০২। | প্রফেসর মোঃ রেজাউল ইসলাম, প্রধান, এটি ডিসিপ্লিন |
| ০৩। | প্রফেসর ড. মোঃ নবীউল ইসলাম খান, প্রধান, ফউটে ডিসিপ্লিন |
| ০৪। | প্রফেসর ড. জামিল আহম্মেদ শিপ্লী, প্রধান (চলতি দায়িত্ব), ফার্মেসী ডিসিপ্লিন |
| ০৫। | প্রফেসর ড. কাজী মোহাম্মদ দিদারুল ইসলাম, প্রধান, (চলতি দায়িত্ব), বিজিই ডিসিপ্লিন |
| ০৬। | প্রফেসর ড. মমোতাজ খানম, প্রধান, (চলতি দায়িত্ব), এফএমআরটি ডিসিপ্লিন |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত ডিসিপ্লিন প্রধানবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানান। অতঃপর উক্ত সভার বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

**সিদ্ধান্ত নং -১ ঃ**

জীব বিজ্ঞান স্কুলের সকল ডিসিপ্লিনের কারিকুলাম Skilled Based করার জন্য ডিসিপ্লিন প্রধানবৃন্দকে পরামর্শ প্রদান করা হলো। প্রশাসনিক সিদ্ধান্ত অনুযায়ী যে সকল ডিসিপ্লিন অ্যাক্রেডিটেশন এর জন্য আবেদন করেছে তাদেরকে কারিকুলাম অবশ্যই আপডেট করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত নং -২ ঃ**

প্রশাসনিক সিদ্ধান্ত অনুযায়ী স্কুলের অধিন ডিসিপ্লিন সমুহের সেশনাল ট্যুর এর ক্ষেত্রে Assessment Criteria, Assessment Rubrics অনুযায়ী রিপোর্ট তৈরী করে ডিন অফিসে জমা দিতে হবে। রিপোর্টের এক কপি পরবর্তী সেশনাল ট্যুর এ যাওয়ার সময় নথি অনুমোদনের জন্য সংযোজন করে পাঠাতে হবে। তাছাড়া Season এর উপর নির্ভর করে টার্ম অনুযায়ী Sessional কোর্স পুন:বিন্যাস করার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।

**সিদ্ধান্ত নং -৩ ঃ**

জীব বিজ্ঞান স্কুলের ডিন অফিসের তত্ত্বাবধানে ০১টি "Advances in Life Sciences" শীর্ষক Symposium আয়োজনের বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত ডিসিপ্লিন প্রধানবৃন্দ একমত পোষন করেন। উক্ত Symposium দেশি-বিদেশি খ্যাতনামা গবেষক, বিজ্ঞানী, শিক্ষক, নীতিনির্ধারক এবং শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ থাকবে। উক্ত Symposium আয়োজনের মাধ্যমে গবেষণা সহযোগিতা বৃদ্ধি, নতুন ধারণার বিকাশ এবং জীববিজ্ঞান বিষয়ক আন্তর্জাতিক যোগাযোগ সম্প্রসারণ সম্ভব হবে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়। সে লক্ষ্যে আগামী আগষ্ট-২০২৬ মাসের ১ম সপ্তাহে (সম্ভাব্য) Symposium আয়োজন করা হবে। তাছাড়া Academic Excellence Award ও Research Excellence Award এবং Dean's Award অনুষ্ঠান একই সাথে আয়োজন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত আয়োজনগুলি সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের জন্য নিম্নোক্ত সম্মানিত শিক্ষকবৃন্দের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| ১. | প্রফেসর ড. মোঃ নবীউল ইসলাম খান<br>প্রধান, ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিন | আহবায়ক |
| ২. | প্রফেসর ড. মোঃ ইকবাল আহম্মেদ<br>ফার্মেসী ডিসিপ্লিন | সদস্য |
| ৩. | প্রফেসর ড. মোঃ ইমদাদুল ইসলাম<br>বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিন | সদস্য |

চলমান পাতা #২

CamScanner

| | | |
|---|---|---|
| ৪. | প্রফেসর ড. শিমুল দাস<br>এগ্রোটেকনোলজি ডিসিপ্লিন | সদস্য |
| ৫. | প্রফেসর ড. মাসুদুর রহমান<br>এনভায়রনমেন্টাল সায়েন্স ডিসিপ্লিন | সদস্য |
| ৬. | জনাব এস এম শাহরিয়ার জামান<br>সহকারী অধ্যাপক, সয়েল, ওয়াটার এন্ড এনভারনমেন্ট ডিসিপ্লিন | সদস্য |
| ৭. | জনাব মোঃ ফাহাদ আল জোবায়ের<br>প্রভাষক, ফিশারিজ এন্ড মেরিন রির্সোস টেকনোলজি ডিসিপ্লিন | সদস্য |
| ৮. | প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান<br>ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিন | সদস্য-সচিব |

<u>সিদ্ধান্ত নং -৪ ঃ</u>

জীব বিজ্ঞান স্কুলের অধিন কর্মরত বহু সম্মানিত শিক্ষক এবং শিক্ষার্থী বর্তমানে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ও উচ্চপদস্থ দায়িত্বে সুনামের সঙ্গে কর্মরত আছেন। তাঁদের সাফল্য অত্র স্কুলের তথা বিশ্ববিদ্যালয়ের গৌরব বৃদ্ধি করেছে এবং বর্তমান শিক্ষার্থীদের জন্য অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করছে। উক্ত গুণী শিক্ষক ও শিক্ষার্থীদের অবদান ও অর্জনকে স্বীকৃতি দেওয়ার লক্ষ্যে তাঁদের সম্মানে একটি সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করার বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়। সে লক্ষ্যে সুবিধাজনক সময়ে উক্ত সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। **এখানে উল্লেখ্য স্কুলের অধিন যে সকল সম্মানিত শিক্ষক এবং শিক্ষার্থী বর্তমানে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ও উচ্চপদস্থ দায়িত্বে আছেন তাঁদের তালিকা আগামী ০১ সপ্তাহের মধ্যে ডিন অফিসে প্রেরণ করার জন্য সকল ডিসিপ্লিন প্রধানকে অনুরোধ করা হলো।**

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত ডিসিপ্লিন প্রধানবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

G. Hossain 18.06.26

(প্রফেসর ড. মোঃ গোলাম হোসেন)
ডিন
জীব বিজ্ঞান স্কুল

<u>অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ</u>

১। প্রধান, সকল ডিসিপ্লিন, জীব বিজ্ঞান স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
২। সংশ্লিষ্ট নথি।

CS CamScanner